


ইতিহাসিক - ০৩/০২/২০২২, রবিবার



## থাই সরপুঁটির চাষ

• কৃষিবিদ মোফাজ্জল হোসেন •

**থাই** সরপুঁটি খেতে অত্যন্ত সুস্বাদু। মাছটি শক্ত প্রকৃতির এবং অধিক উৎপাদনশীল। প্রতিকূল পরিবেশে কম অক্সিজেনযুক্ত বেশি তাপমাত্রার পানিতেও এই মাছ বেঁচে থাকতে পারে। মিশ্রচাষ পদ্ধতিতে অন্যান্য উন্নত প্রজাতির মাছের সাথে অত্যন্ত সাফল্যজনকভাবে সরপুঁটি মাছ চাষ করা যায়। হয় মাসে একটি থাই সরপুঁটির পোনা গড়ে ১২০ থেকে ১৫০ গ্রাম ওজনের হয়ে থাকে। একই পুকুরে বছরে দু'বার এই মাছের চাষ করা যায়।

থাই সরপুঁটি মাছের চাষের জন্য পুকুরের আয়তন ৫ থেকে ৩০ শতাংশ হতে পারে। এর চেয়ে বেশি হলে ক্ষতি নেই। পুকুরের গভীরতা হতে হবে ১.৫ মিটার থেকে ২ মিটার অর্থাৎ তিন থেকে চার হাত। পোনা ছাড়ার আগে পুকুর ভালভাবে প্রস্তুত করে নিতে হবে। শুকনো মৌসুমে পুকুরের সম্পূর্ণ পানি নিষ্কাশন করে তলার মাটি ১০ থেকে ১৫ দিন ধরে রোদে শুকিয়ে লাঙল দিয়ে কর্ষণ করে নিতে হবে। পুকুর শুকানো সম্ভব না হলে রান্ফুসে মাছ ও অন্যান্য ক্ষতিকর প্রাণী মেরে ফেলার ব্যবস্থা করতে হবে। এই পর্যায়ে পুকুর প্রস্তুতির জন্য প্রতি শতাংশে এককেজি হারে পাথুরে চুন প্রয়োগ করতে হবে। চুন প্রয়োগের সাত দিন পর প্রতি শতাংশে ৪ কেজি গোবর, ১৫০ গ্রাম টিএসপি, ১০০ গ্রাম ইউরিয়া সার প্রয়োগ করা বাঞ্ছনীয়। সার পুকুরের তলার মাটির ওপর ছড়িয়ে দিয়ে কৌদালের সাহায্যে ভালভাবে মাটির সাথে মিশিয়ে দিতে হবে। এরপর পুকুর পানি দিয়ে ভরে দিতে হবে। প্রস্তুতকৃত পুকুরে মাছের প্রাকৃতিক খাদ্যের পর্যাপ্ত মজুদ সম্পর্কে পুরোপুরি নিশ্চিত হয়ে প্রতি শতাংশে ১.৫ ইঞ্চি থেকে ২ ইঞ্চি সাইজের ৬০ থেকে ৬৫টি থাই সরপুঁটির পোনা ছাড়তে হবে।

পুকুরে যে পরিমাণ মাছ আছে, সে মাছের মোট ওজনের শতকরা ৪ থেকে ৬ ভাগ হারে চালের কুঁড়া বা গমের ভূষি সম্পূরক খাদ্য হিসেবে প্রতিদিন সকাল-বিকালে দু'বার পুকুরের সব জায়গায় ছিটিয়ে দিতে হবে। প্রতি মাসে একবার জাল টেনে মাছের গড় ওজন নির্ধারণ করে খাবার পরিমাণ বাড়াতে হবে। পুকুরে মাছের খাদ্য ঘাটতি দেখা দিলে তাৎক্ষণিকভাবে প্রতি শতাংশে ১৫০ থেকে ২০০ গ্রাম ইউরিয়া ও ওই পরিমাণ টিএসপি সার প্রয়োগ করতে হবে।

থাই সরপুঁটি সাধারণত নরম ঘাস পছন্দ করে। তাই এ মাছের জন্য খুদে পানা, টোপা পানা, নেপিয়্যার ঘাস, কলাপাতা দিতে ভাল হয়। ৫ থেকে ৬ মাস পালনের পর এক একটি মাছের ওজন দাঁড়াবে গড়ে ১২০ থেকে ১৫০ গ্রাম। এই সময় মাছ বাজারজাত করার উপযোগী হয়।